



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd E-mail: info@bmeb.gov.bd Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/২৩৩১৯১০০৪৩৪২/ বরি - ১৮২/ ২০৮৪০

তারিখ: ০২.০৭.২০১৯খ্রিঃ

বিষয়ঃ অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বরিশাল জেলার বাবুগঞ্জ উপজেলাধীন জম্বিলা খাতুন দাখিল মাদ্রাসার সুপার জনাব শাহ আলমের বিরুদ্ধে বিভিন্ন অনৈতিক ও জাল-জালিয়াতি উল্লেখপূর্বক জনৈক মোঃ হান্নান আকন্দ অভিযোগপত্র দাখিল করেন। অভিযোগপত্র পর্যালোচনায় দেখা যায় মাদ্রাসার সুপার এডহক কমিটির মেয়াদ শেষ হওয়ার পূর্বে ম্যানেজিং কমিটি গঠনের কার্যকরী উদ্যোগ গ্রহণ না করে বিভিন্ন ছলচাতুরি ও টালবাহানা করে সময়ক্ষেপন করে আসছেন। প্রবিধানমালার ৩৯ (৭) অনুযায়ী এডহক কমিটি বোর্ড কর্তৃক অনুমোদন হওয়ার পর ইস্যুর তারিখ হইতে ৬ (ছয়) মাসের মধ্যে গভার্ণিং বডি বা ক্ষেত্রমতে ম্যানেজিং কমিটি গঠন করতে ব্যর্থ হইলে উক্ত মেয়াদ শেষে এডহক কমিটি বিলুপ্ত হইয়া যাইবে মর্মে প্রবিধানমালায় উল্লেখ আছে। উক্ত মাদ্রাসার বিগত এডহক কমিটির মেয়াদ ০৮-০৩-২০১৯ ইং শেষ হয়েছে। বিধি মোতাবেক বিলুপ্ত এডহক কমিটির সভাপতি কর্তৃক শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা বিলে স্বাক্ষর করার আইনগত কোন ভিত্তি নাই। মাদ্রাসার সুপার জনাব শাহ আলম মিয়া বিধি-বিধান লঙ্ঘন করে বিলুপ্ত এডহক কমিটির সভাপতি জনাব জামাল উদ্দিনের যোগসাজশে শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতার বিলে স্বাক্ষর নিয়ে ব্যাংক থেকে টাকা উত্তোলন করে আসছেন যা সম্পূর্ণ জাল-জালিয়াতির সামিল। অন্যদিকে কোন কমিটি না থাকায় মাদ্রাসার ছাত্র-ছাত্রীদের উপস্থিতি ও লেখাপড়ার মান দিন দিন হ্রাস পাচ্ছে মর্মে জনাব মোঃ হান্নান আকন্দ অভিযোগপত্রে উল্লেখ করেছেন।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিন তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তি বর্ণনা মোতাবেক (০১) পাতা।


চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


০২.০৭.১৯

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

উপজেলা নির্বাহী অফিসার
বাবুগঞ্জ, বরিশাল।



০২/০৭/১৯

নং-বামাশিবো/প্রশা/২৩৩১৯১০০৪৩৪২/ বরি - ১৮২/ ১০৮৪০

তারিখ: ০২.০৭.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা শিক্ষা অফিসার, বরিশাল।
২. জনাব মোঃ হান্নান আকন্দ, ডাকঘর:কেদারপুর, বাবুগঞ্জ, বরিশাল।
৩. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. অফিস কপি।


০৭.০৭.১৯

মোঃ ওমর ফারুক
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪


০৭/০৭/১৯